



কাতারে ইসরায়েলি হামলায় গভীর উদ্বেগ, সংহতি জানালেন তারেক রহমান



সংগৃহীত ছবি

কাতারের রাজধানী দোহায় ইসরায়েলি হামলার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। এক বিবৃতিতে তিনি কাতারের জনগণ ও আমিরের প্রতি সংহতি জানিয়ে আন্তর্জাতিক মহলকে জরুরি পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়েছেন।

কাতারের রাজধানী দোহায় ইসরায়েলি হামলার ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। বুধবার (১০ সেপ্টেম্বর) গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তিনি কাতারের জনগণ ও আমির শেখ তামিম বিন হামাদ আল থানির প্রতি আন্তরিক সংহতি জানান।

বিবৃতিতে তারেক রহমান বলেন, “আমরা আন্তর্জাতিক সংশ্লিষ্ট পক্ষগুলোর প্রতি আহ্বান জানাচ্ছি যেন তারা এই সামরিক আগ্রাসনের বিরুদ্ধে জরুরি পদক্ষেপ নেয় এবং আন্তর্জাতিক নিয়ম-নীতির চরম লঙ্ঘনের জন্য দায়ীদের জবাবদিহিতার আওতায় আনা হয়।”

তিনি আরও বলেন, “আমাদের এখন সবচেয়ে বেশি প্রয়োজন জরুরি যুদ্ধবিরতি, বন্দীদের মুক্তি এবং মানবিক সুরক্ষার জন্য একটি ঐক্যবদ্ধ বৈশ্বিক অবস্থান।”